

প্রধান মন্ত্রী শেখ হাসিনার কাছে আমাদের আবেদন জানাবো

পার্বত্য চট্টগ্রামে শান্তির জন্য ১ লক্ষ কণ্ঠের আবেদন

পার্বত্য শান্তি চুক্তি সমর্থন করার উদ্দেশ্যে বিশ্বব্যাপী গণ স্বাক্ষর আন্দোলন

আন্দোলনের সময় সীমা- অক্টোবর ২০০৯ - জানুয়ারি ২০১০

সত্তরের দশকে সশস্ত্র সংঘর্ষ শুরু হওয়ার পর থেকে আজ অবধি পার্বত্য চট্টগ্রামের আদিবাসী জুম্ম জনগণ সামরিক অত্যাচার, সাম্প্রদায়িক সহিংসতা, গণহত্যা, আর ভূমি বেদখলের শিকার হয়ে এসেছেন। ১৯৯৭ সনের ২-রা ডিসেম্বরে সরকার এবং আদিবাসী জনগণের কর্তৃক স্বাক্ষরিত ‘পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি’তে আদিবাসী জনগণের ন্যায় অধিকারের সংরক্ষণ এবং আঞ্চলিক স্বায়ত্তশাসনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু দীর্ঘ বারো বছরের পরও তার বাস্তবায়নের খুবই স্বল্প আগ্রহ দেখা গিয়েছে। ২০০৯ সনে ক্ষমতায় আসার সময়ে নতুন আওয়ামী লীগ সরকার নির্বাচনী ইস্তহারে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পূর্ণ বাস্তবায়নের প্রতিশ্রুতি দিয়েছিল। এখন পার্বত্য সমস্যার চূড়ান্ত সমাধানের সমর্থন করা খুবই জরুরী। অনুগ্রহ করে নিম্নে আপনার স্বাক্ষর লিখুন এবং বাংলাদেশ সরকারের পক্ষে শান্তির জন্য আপনার আহ্বান জানাবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা

‘আমরা পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পূর্ণ বাস্তবায়ন আবেদন করছি’।

আমরা বাংলাদেশ সরকারের নিকটে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পূর্ণ বাস্তবায়নের জন্য, বিশেষ করে সব ভূমি বিরোধের নিষ্পত্তি, সব অস্থায়ী সেনা ক্যাম্পের প্রত্যাহার, জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদের কাছে পার্বত্য চুক্তি অনুযায়ী নির্ধারিত বিষয়াবলী হস্তান্তর এবং প্রত্যাগত শরণার্থী আর অভ্যন্তরীণ পাহাড়ী উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য, সময় সীমা সহ সুনির্দিষ্ট কর্মসূচি নির্ধারণ করে অবিলম্বে কার্যকর করার জন্য আবেদন জানাচ্ছি।

আপনার নাম	আপনার ঠিকানা	আপনার মন্তব্য

আহ্বায়ক সংগঠন সমূহ - Jumma Net (জাপান), Organizing Committee CHT Campaign (হল্যান্ড), Indigenous Jumma Peoples Network USA (মার্কিন যুক্তরাষ্ট্র), and CHT Jumma Peoples Network of the Asia Pacific (অস্ট্রেলিয়া). ইন্টারনেটেও স্বাক্ষর করতে পারেন - <http://cht-global-voices.com/>